এস এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

বিষয় ঃ শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (সৃজনশীল)

সময় ঃ ২ ঘন্টা **পূর্ণমান—৪০**

(যেকোন ৪টি প্রশ্নের উত্তর দাও)

১.

স্বাস্থ্য নীতি	স্বাস্থ্য বিজ্ঞান
A	B

ক. সার্বজনীন স্বাক্ষরতা অর্জনের জন্য কোথায় আন্তর্জাতিক সভা অনুষ্ঠিত হয়?

খ. সংক্রামক রোগ বলতে কী বুঝ?

গ. সুস্থ এবং সুশৃঙ্খল ভাবে বেঁচে থাকার জন্য A এর ভূমিক ব্যাখ্যা কর।

ঘ. মানব জীবনে B চিহ্নিত অংশটি পাঠের গুরুত্ব বর্ণনা কর।

২. আবির পাড়া হাই স্কুলে প্রতিদিনের মতো ছাত্র-ছাত্রীদের মধ্যে টিফিন বিতরন করা হয়। কিন্তু এ খাবার গ্রহণের সাথে সাথেই বেশির ভাগ ছাত্র-ছাত্রী অসুস্থ হয়ে পড়ে। হাসপাতালে নিয়ে যাওয়ার পর কর্তব্যরত ডাক্তার বললেন খাবারের কারণেই তারা অসুস্থ হয়েছে।

ক. মেরাসমাস কী ?

খ. খাদ্যের প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর।

গ. ছাত্র-ছাত্রীদের অসুস্থতার কারণ বিশ্লেষণ কর।

ঘ. ভবিষ্যতে এ ধরনের সমস্যা দূরীকরণে পদক্ষেপ গুলো বিশ্লেষণ কর।

৩. সিয়ামদের পরিবারের ৪ জন সদস্যের বয়স ও পেশা নিম্নরুপ ঃ

সদস্য	বয়স	পেশা
বাবা	৫৩	চাকুরীজীবী
মা	৪৫	গৃহিনী
বড় বোন	১৭	ছাত্রী
সিয়াম	১৩	ছাত্র

ক. আয়োডিনের অভাবে কী রোগ হয়?

খ. খাদ্যে বিষক্রিয়ার ক্ষেত্রে কি চিকিৎসার প্রয়োজন?

গ. পরিবারের সদস্যদের খাদ্য চাহিদার ভিন্নতা ব্যাখ্যা কর।

ঘ. পরিবারের সদস্যের দৈনন্দিন খাদ্যের চাহিদা তালিকার মাধ্যমে উপস্থাপন কর।

৪. বাবা ভিয়েতনাম থেকে দেশে ফেরার পর সাইদের জন্ম। তিন বছর হলো তার (সাইদের) বাবা অসুস্থাবস্থায় অকালে মারা গেছে। সাইদ এবং তার মা এখন প্রায়ই মাঝে মাঝে অসুস্থ হয়ে পড়ছে। ডাক্তারের কাছে গেলে ডাক্তার জানালেন, সাইদ ও তার মায়ের শরীরে HIV পজিটিভ পাওয়া গেছে। এতে তারা মানসিকভাবে ভেঙে পড়েছে।

ক. বিশ্বে প্রতিদিন কতজন পুরুষ ও মহিলা HIV তে আক্রান্ত হচ্ছে?

খ. AIDS – এ আক্রান্ত প্রতিবেশী দেশ গুলোর নাম লেখ।

গ. সাইদ ও তার মায়ের শরীরে HIV প্রবেশ করেছে কিভাবে?

ঘ. সাইদ ও তার মায়ের মানসিক শক্তি অটুট রাখার উপায় বিশ্লেষণ কর।

৫. মোমেন জয়পুর উচ্চ বিদ্যালয়ের সেরা গোলরক্ষক। সে নিচু বল, কোমর সমান উচু বল বা মাথার উপরের বল ধরতে অত্যন্ত পারদর্শী। প্রতিপক্ষের কেউ গোলে শট নিলে সে ক্ষিপ্রতার সাথে বিভিন্ন কৌশল অবলম্বন করে বল প্রতিহত করে।

ক. আন্তর্জাতিক ফুটবল নিয়ন্ত্রন সংস্থার নাম কী?

খ. আন্তর্জাতিক ফুটবল মাঠের মাপ কেমন হবে?

গ. মোমেনের বল ধরার পারদর্শিতার ধরণ ব্যাখ্যা কর।

ঘ. প্রতিপক্ষের কেউ গোলে শট নিলে মোমেন কিভাবে তা প্রতিহত করেন? বিশ্লেষণ কর।

৬. স্কুলের বার্ষিক ক্রিড়া প্রতিযোগীতায় এবার ব্যাডমিন্টন খেলা অনুষ্ঠিত হবে। এর জন্য দরকার সঠিক মাপ অনুসরণ করে একটি একক ও দ্বৈত কোর্ট তৈরির। ক্রীড়া শিক্ষক কোর্ট তৈরির দায়িত্ব হাফিজকে দিলেন এবং বললেন দেখ কোর্টের মাপ যেন আন্ত র্জাতিক মানের হয়?

ক. ব্যাডমিন্টন খেলার জন্ম কোথায়?

খ. শাটল বলতে কী বোঝায়?

গ. উদ্দিপকে বর্ণিত কোর্ট অঙ্কন করে দেখাও।

ঘ. হাফিজের অঙ্কিত কোর্টটি সঠিক হয়েছে কি না যুক্তি সহ বিশ্লেষণ কর।

এস এস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় ঃ ৩৫ মিনিট **বিষয় ঃ শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা (বহুনির্বাচনি)** **পূর্ণমান—৩৫**

[উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (O) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর]

১. ফুটবল খেলায় কতটি আইন রয়েছে?
ক ১৫টি খ ১৬টি গ ১৭টি ঘ ২২টি

২. ICC কত সালে গঠিত হয়?
ক ১৯০৬ খ ১৯০৭ গ ১৯০৮ ঘ ১৯০৯

৩. ব্যাডমিন্টন খেলায় সার্ভিস কয় ধরনের?
ক ২ খ ৩ গ ৪ ঘ ৫

৪. বাংলাদেশ ভলিবল ফেডারেশন কত সালে গঠিত হয়?
ক ১৯৭০ খ ১৯৭১ গ ১৯৭২ ঘ ১৯৭৪

৫. লোনার জন্য বিপক্ষ দল কত পয়েন্ট পাবে?
ক ১ পয়েন্ট খ ২ পয়েন্ট
গ ৩ পয়েন্ট ঘ ৪ পয়েন্ট

৬. বাস্কেট বল খেলায় কয় ধরনের শুটিং আছে?
ক ১ খ ২ গ ৩ ঘ ৪

৭. হ্যান্ডবল খেলায় গোলপোস্টের দৈর্ঘ্য কত?
ক ২ মিটার খ ৩ মিটার
গ ৪ মিটার ঘ ৬ মিটার

৮. লেট শব্দটি কোন খেলার সাথে সম্পর্কিত?
ক ক্রিকেট খ হকি
গ ব্যাডমিন্টন ঘ বাস্কেটবল

৯. পেনাল্টি মার্ক গোল পোস্টের মাঝ থেকে কতটুকু সামনে থাকে?
ক ৭ গজ খ ৯ গজ গ ১২ গজ ঘ ১৮ গজ

১০. ক্রিকেটে আউট কয় ধরনের?
ক ৬ খ ৭ গ ৮ ঘ ১০

১১. ব্যাডমিন্টন কোর্টের দৈর্ঘ্য প্রস্থ কত ফুট?
ক ৪০-২০ খ ৪২-২০ গ ৪৪-২০ ঘ ৫০-২০

১২. ভলিবল খেলায় একটি দল সর্বাধিক কতবার টাইম আউট পাবে?
ক দুই খ তিন গ চার ঘ পাঁচ

১৩. বাস্কেটবল খেলায় ৫ জন করে একদলে খেলার নিয়ম চালু হয় কত সালে?
ক ১৮৮১ খ ১৮৯২ গ ১৮৯৪ ঘ ১৮৯০

১৪. স্কুপ করলে বল কিভাবে যাবে?
ক মাটিতে গড়িয়ে খ হাটু পর্যন্ত উঠবে
গ মাথায় উপরে ঘ থেমে থাকবে

১৫. ১৯৮৫ সালে কি গঠিত হয়?
ক বাংলাদেশ হ্যান্ডবল এসোসিয়েশন
খ আর্ন্তজাতিক হ্যান্ডবল ফেডারেশন
গ বাংলাদেশ হ্যান্ডবল ফেডারেশন
ঘ এশিয়ান হ্যান্ডবল ফেডারেশন

১৬. গোলকের ওজন মহিলাদের জন্য কত কেজি?
ক ২ কেজি খ ৪ কেজি
গ ৬ কেজি ঘ ৭,২৬০ কেজি

১৭. কোন সাঁতার বাদে অন্য সব সাঁতার ড্রাইভ দিয়ে শুরু করতে হয়?
ক প্রজাপতি খ চিৎ সাঁতার
গ বুক সাঁতার ঘ মুক্ত সাঁতার

১৮. বর্তমানে উচ্চ লাফের সার্বজনীন পদ্ধতি কোনটি?
ক সিজার কাট খ বেলি রোল
গ ওয়েস্টার্ন রোল ঘ ফসবেরি ফ্লপ

১৯. দেহের ভিতরের বিভিন্ন কাজকর্ম সচল রাখে কোন খাদ্য উপাদান?
ক আমিষ খ ভিটামিন
গ পানি ঘ শর্করা

২০. ডিমের কুসুম, লেবু ও দুধ, কলাতে কোন খাদ্য উৎপাদন পাওয়া যায়?
ক খনিজ লবণ খ স্নেহ
গ শর্করা ঘ আমিষ

২১. ভিটামিন ডি'র অভাবে কি রোগ হয়?
ক মেরাসমাস খ কোয়ামিওরকর
গ এনিমিয়া ঘ রিকেটস

২২. গাঁজা জাতিয় মাদক কোনটি?
ক পেথিড্রিন খ মারিজুয়ানা
গ ফেনসিডিল ঘ আফিম

২৩. মাদকাসক্তি বিস্তারের কারণ কি?
ক জীবনের প্রতি হতাশা খ মাদকের প্রতি কৌতুহল
গ বাবা-মার বিচ্ছেদ ঘ মাদক দ্রব্যের সহজলভ্যতা

২৪. ওজন হ্রাস পাওয়া, শুকনা কাশি হওয়া কিসের লক্ষণ?
ক অটিজম খ মাদকাসক্তি
গ এইডস ঘ এনিমিয়া

২৫. অটিজম কি ধরনের সমস্যা?
ক শারীরিক খ মানসিক
গ আচরণগত ঘ স্নায়ুবিকাশ জনিত

২৬. অসংক্রামক রোগ কোনটি?
ক ডিপথেরিয়া খ টাইফয়েড
গ ইনফ্লুয়েঞ্জা ঘ ডায়াবেটিস

২৭. মধ্যাহ্নকালীন টিফিন প্রোগ্রামের প্রধান উদ্দেশ্য কি?
ক ঝরে পড়া রোধ খ বন্ধুত্ব সৃষ্টি
গ অপুষ্টি রোধ ঘ ক্ষুধা নিবারণ

২৮. ব্যাকটেরিয়াজনিত দূষিত খাবার খেলে কী হয়?
ক জ্বর হয় খ তলপেট ব্যথা হয়
গ মাথা ব্যথা ঘ কোষ্ঠকাঠিন্য দেখা দেয়

২৯. পুষ্টিহীনতার প্রধান কারণ কোনটি?
ক খাবার না খাওয়া খ বিশ্রাম না করা
গ ভিটামিন জাতিয় খাবার না খাওয়া ঘ অজ্ঞতা অসচেতনতা

৩০. খাদ্য দ্রব্য কিভাবে দূষিত হয়?
ক খোলা রাখলে খ গরম করলে
গ সিদ্ধ না করলে ঘ ফ্রিজে রাখলে

৩১. ক্রিকেট মাঠ কয় ধরনের?
ক ১ খ ২ গ ৩ ঘ ৪

নিচের উদ্দীপকটি পড় এবং ৩২ ও ৩৩ নং প্রশ্নের উত্তর দাও ঃ

এবার স্কুলে ভলিবল প্রতিযোগীতায় রমিয় শ্রেষ্ঠ পুরস্কার অর্জন করেছে। কারণ দলের অন্যান্য খেলোয়াড়ের কৌশলের চেয়ে তার কৌশল ছিল বেশি আক্রমণাত্মক।

৩২. ভলিবল খেলার অন্যতম কৌশল হলো—
i. স্ম্যাশিং ii. টাইমিং iii. ব্লকিং
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii গ i ও iii ঘ i, ii ও iii

৩৩. ব্লকিং করার জন্য কিভাবে হাত তুলতে হয়—
ক লাফিয়ে উঠে হাত তুলে
খ দাঁড়িয়ে থেকে হাত তুলে
গ পাশ থেকে হাত বাড়িয়ে
ঘ পেছনে দাঁড়িয়ে থেকে হাত তুলে

নিচের উদ্দীপকটি পড় এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও ঃ

ফুটবল খেলায় তারেকের দল পরাজয় থেকে রক্ষা করার জন্য প্রতিপক্ষের একটি নিশ্চিত গোল ল্যাং মেরে প্রতিহত করে। কিন্তু তার শেষ রক্ষা হয়নি। কারণ রেফারী এমন অসদাচারণের জন্য তার দলের বিরুদ্ধে প্রত্যক্ষ ফ্রি কিক দেন।

৩৪. কয়টি অপরাধের জন্য প্রত্যক্ষ ফ্রি কিক দেওয়া হয়?
ক ৬টি খ ৮টি গ ১০টি ঘ ১২টি

৩৫. যে কারণে রেফারী প্রত্যক্ষ ফ্রি কিক দিতে পারে—
i. খেলোয়াড়ের উপর লাফিয়ে পড়লে ii. খেলোয়াড়ের গায়ে থুথু দিলে
iii. গোল রক্ষক ইচ্ছাকৃতভাবে সময় নষ্ট করলে
নিচের কোনটি সঠিক?
ক i খ i ও ii গ ii ও iii ঘ i, ii ও iii